

মায়ার মাদুলি

দীপাংশু আচার্য

সুখে থাকলে মানুষের কবিতারা যেরকম হয়
আমিও প্রত্যেকদিন সেরকম কিছু কিছু লিখি...

যেই না আমার ঘরে মোমের আলোটি জ্বলে ওঠে
সুখপাঠ্য কবিতারা দেয়ালে গড়িয়ে দেয় ছায়া

পাশাপাশি শূয়ে থাকা সেইসব ছায়াদের দেখে
আবিষ্কার করে ফেলি—সুখের কবিতা লেখা বৃথা

কারণ মোমের আলো অনেকক্ষণ স্থায়ী হয় আর
নির্বিকার ছায়াগুলো এক একটি দুঃখের কবিতা

প্রতিবাদ

স্বর্ণালী বিশ্বাস ভট্টাচার্য

বার বার মেরে ফেলছো তবু
বার বার বেঁচে উঠছি আমি,
যতই সৎযত হতে বল
মাথাচাড়া দিচ্ছে পাগলামী,

আসলে সহজ নয় এত
আমাকে স্ববশে নিয়ে আসা,
মুখে চাপা দিচ্ছে পাথর
পাথরেই জেগে উঠছে ভাষা

কলম নিয়েছো তুমি কেড়ে
পুড়িয়ে দিয়েছো সব খাতা,
দেওয়ালে দেওয়ালে চারদিকে
লিখে ফেলছি প্রেমের কবিতা।